

বুটেক্সে দুই দিনব্যাপী মেশিন ম্যানিয়া ৩.০

ক্যাম্পাস সময় ডেস্ক

২৩ মে ২০২৬, ১২:০০ এএম



বাংলাদেশ ইউনিভার্সিটি অব টেক্সটাইলসে (বুটেক্স) ১৪ ও ১৫ মে অনুষ্ঠিত হয়েছে দুই দিনব্যাপী প্রযুক্তিভিত্তিক আয়োজন মেশিন ম্যানিয়া ৩.০। পুলক্রা কেমিক্যালসের পরিবেশনায় এবং বুটেক্স টেক্সমেক সোসাইটির আয়োজনে এ উৎসবে দেশের বিভিন্ন অঞ্চল থেকে প্রায় ৪৫০ জন প্রতিযোগী অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানটি গবপযধ গধুযবস ২.০ ও গবপযধ ঈষধংয- এই দুই ভাগে অনুষ্ঠিত হয়। এতে ছিল এফসি২৬, ই-ফুটবল, সকার বোট এবং লাইন ফলোয়ার রোবট প্রতিযোগিতা।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংসদ সদস্য সানজিদা ইসলাম তুলি। এ ছাড়াও উপস্থিত ছিলেন বুটেক্সের উপাচার্য ড. ইঞ্জিনিয়ার মো. জুলহাস উদ্দিন, বিভাগীয় প্রধান ড. শেখ মো. মোমিনুল আলম, প্রভাষক পৃথিলা কামালসহ শিক্ষক-শিক্ষার্থী ও অতিথিরা।

বক্তব্যে অতিথিরা বুটেক্সে আয়োজিত সর্বপ্রথম প্রযুক্তি, রোবোটিকস ও উদ্ভাবনভিত্তিক এমন আয়োজনের প্রশংসা করেন এবং শিক্ষার্থীদের প্রযুক্তিগত দক্ষতা বৃদ্ধিতে এ ধরনের উদ্যোগের গুরুত্ব তুলে ধরেন। মোট ১ লাখ ১০ হাজার টাকার প্রাইজপুল নিয়ে আয়োজিত প্রতিযোগিতাগুলোতে দেশের বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশ নেন।

এফসি২৬ প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হন নটিংহ্যাম ট্রেন্ট ইউনিভার্সিটির নূর, ই-ফুটবল প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হন শাফায়েত হোসাইন আলিন, সকার বোট প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয় হুঁসনমব ইবব দল, লাইন ফলোয়ার রোবট প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয় ঢবহড় দল।

অনুষ্ঠানে মিডিয়া পার্টনার হিসেবে যুক্ত ছিল দৈনিক আমাদের সময়।